রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ২৯, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/২৯ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**নং ৩৪ (মু: প্র:)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

**অধ্যাদেশ নম্বর ৩৪, ২০২৫**

**Protection and Conservation of Fish Act, 1950 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত**

**অধ্যাদেশ**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Protection and Conservation of Fish Act, 1950 (Act No. XVIII of 1950) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই অধ্যাদেশ Protection and Conservation of Fish (Amendment) Ordinance, 2025 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

CamScanner

২। **Act No. XVIII of 1950 এর section 2 এর সংশোধন।**—Protection and Conservation of Fish Act, 1950 (Act No. XVIII of 1950), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর clause (6) এর প্রান্তস্থিত "." full stop এর পরিবর্তে ";" semicolon প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর নিম্নরূপ নূতন clause (7) সংযোজিত হইবে, যথা:—

**"**(7) **"Fish Sanctuary"** means any area within or a whole water body declared by the Government in the Official Gazette where fish and other aquatic life are protected, allowing them to breed, thrive and move freely in a safe and suitable environment.**"**।

৩। **Act No. XVIII of 1950 এর section 3 এর সংশোধন।**—উক্ত Act এর section 3 এর sub-section 3 এর —

(ক) clause (b) এর পরিবর্তে নিম্নরূপ clause (b) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(b) prohibit the destruction of, or any attempt to destroy, fishes by explosives, gun, bow and arrow in inland water or within coastal territorial waters or Bangladesh marine fisheries waters;

**Explanation**.—For the purposes of this clause, "Bangladesh marine fisheries waters" means "Bangladesh marine fisheries waters" defined by clause (10) of section 2 of the Marine Fisheries Act, 2020 (Act No XIX of 2020)."; এবং

(খ) clause (g) এর প্রান্তস্থিত "." full stop এর পরিবর্তে ";" semicolon প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর নিম্নরূপ নূতন clause (h) সন্নিবেশিত হইবে, যথা:—

"(h) declare '**Fish Sanctuary**' wherein catching or harvesting of fish or other aquatic organisms shall be prohibited either permanently or for the specific period for the purpose of protection and conservation of fish and aquatic organisms." ।

৪। **Act No. XVIII of 1950** এর **section 5** এর সংশোধন।—উক্ত Act এর section 5 এর—

(ক) sub-section (1) এ উল্লিখিত "shall not be less than one year and may extend to two years, or with fine which may extend to five thousand" শব্দগুলি ও কমার পরিবর্তে "may extend to 2 (two) years, or with fine which may extend to 5 (five) lakh" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

CamScanner

(খ) sub-section (2) এর—

(অ) clause (a)-তে উল্লিখিত "shall not be less than three years and may extend to five years, and shall also be liable to fine which may extend to ten thousand" শব্দগুলি এবং কমার পরিবর্তে "may extend to 3 (three) years, and shall also be liable to fine which may extend to 10 (ten) lakh" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) clause (b)-তে উল্লিখিত "shall not be less than one year and may extend to three years, or with fine which may extend to five thousand" শব্দগুলি এবং কমার পরিবর্তে "may extend to 1 (one) year, or with fine which may extend to 2 (two) lakh" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

---

**ড. হাফিজ আহমেদ চৌধুরী**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

CamScanner